*THE BANGLADESH OBSERVER*

35

তারিখ ... JAN 31 2000 ...
পৃষ্ঠা 78 কলাম 2

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

পাঠ্যপুস্তক ভবন
৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

তাং- ২৭/১/২০০০

## নোরাড সাহায্যপুষ্ট প্রকল্পের জন্যে গ্রন্থ তালিকা (সর্ট লিস্ট) প্রণয়নের উদ্দেশ্যে পুস্তক সরবরাহের বিজ্ঞপ্তি নং-৭

নরওয়ে সাহায্যপুষ্ট প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, ৫৩টি প্রাইমারি ট্রেনিং ইনিস্টিটিউট এবং ৪৮১ টি থানা মডেল স্কুলের গ্রন্থাগারের জন্য প্রতিষ্ঠানসমূহের চাহিদার আলোকে নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য ভিত্তিক বেশ কিছু পুস্তক ক্রয় করা হবে।

(ক) মডেল স্কুল ঃ নির্ধারিত পাঠ্যপুস্তকের বাইরে শিশুদের মধ্যে কল্পনাশক্তি ও সৃজনশীলতার বিকাশ সাধন, জ্ঞান-বিজ্ঞানের বিশ্বজনীন পরিসরের দিকে আগ্রহ সৃষ্টি এবং দেশকাল, সমাজবোধ ও ইতিহাস চেতনা লালন করার উদ্দেশ্যে পাঠাভ্যাস গড়ে তোলার লক্ষ্যে মডেল স্কুলের ৬(+)-১০(+) বৎসর বয়সী শিশু-কিশোর উপযোগী গ্রন্থ।

(খ) প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউট ঃ শিক্ষাতত্ত্ব, শিক্ষানীতি, শিক্ষার ইতিহাস (বাংলাদেশে প্রাথমিক শিক্ষার অতীত, বর্তমান ও ভবিষ্যৎ ভাবনা), শিখন ও শেখানোর তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়, শিশু মনোবিজ্ঞান, শিশুর বিকাশ, শিক্ষাক্রম উন্নয়ন, পাঠ্যপুস্তক প্রণয়ন, শিখন ফল মূল্যায়ন, ভাষা শিক্ষাদান পদ্ধতি, বিষয় ভিত্তিক শিক্ষাদান কৌশল, শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা, পরিদর্শন ও তত্ত্বাবধান, মুক্তিযুদ্ধের চেতনা, ইতিহাস বোধ এবং সমাজ চেতনা সৃষ্টিতে সহায়ক সৃজনশীল গ্রন্থসমূহ।

(গ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী ঃ পি.টি.আই এর জন্য প্রস্তাবিত বৈশিষ্ট্যমন্ডিত গ্রন্থাদিসহ শিক্ষা ব্যবস্থাপনা, শিক্ষা প্রশাসন, শিক্ষা পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ক বিভিন্ন গ্রন্থ। এতদব্যতীত সৃজনশীল সাহিত্য ও মননশীল জ্ঞান-বিজ্ঞান সম্পর্কিত বিচিত্র ধরনের গ্রন্থ।

উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গ্রন্থাগারের জন্য নির্ধারিত প্রকারের পঠন সামগ্রী সরবরাহে আগ্রহী পুস্তক প্রকাশক, পুস্তক বিক্রেতা, পুস্তক সরবরাহকারীগণকে তাঁদের পুস্তকের নাম তালিকাভূক্তির জন্য ১৭ ফেব্রুয়ারী ২০০০ তারিখের মধ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা এর চেয়ারম্যান মহোদয় বরাবরে আবেদন করার অনুরোধ করা হল। আবেদনকারী প্রত্যেকটি পুস্তকের ২টি (অফেরৎযোগ্য) নমুনা কপিসহ উদ্দিষ্ট প্রতিষ্ঠানের নাম উল্লেখ পূর্বক নিম্নবর্ণিত ছক পূরণ করে আবেদন পেশ করবেন।

| পুস্তকের ক্রমিক নং | উদ্দিষ্ট প্রতিষ্ঠানের নাম | লেখকের নাম | পুস্তকের নাম | প্রকাশক | প্রকাশকাল |
|---|---|---|---|---|---|
| | | | | | |

আবেদনপত্র জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ৭ম তলায় গ্রন্থাগারে অফিস চলাকালীন সময়ে গ্রহণ করা হবে। প্রাপ্ত গ্রন্থ সমূহ থেকে হ্রস্ব তালিকা (সর্ট লিস্ট) প্রণয়নের পর তা অনুমোদনের জন্য প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে প্রেরন করা হবে। চূড়ান্ত অনুমোদন লাভের পর সংশ্লিষ্ট প্রকল্প থেকে সরকারী বিধি মোতাবেক পুস্তকসমূহ ক্রয় করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃ দ্রঃ ১ম ও ২য় শ্রেণীর জন্য পুস্তকের পরিমাপ- ডবল ক্রাউন সাইজ, সর্বোচ্চ ৪৮ পৃষ্ঠা এবং অক্ষরের মাপ-২০ পয়েন্ট। ৩য়-৫ম শ্রেণীর জন্য পুস্তকের পরিমাপ-ডবল ক্রাউন সাইজ সর্বোচ্চ ৬৪ পৃষ্ঠা এবং ডবল ডিমাই সাইজ ৯৬ পৃষ্ঠা, অক্ষরের মাপ-১৮ পয়েন্ট ও ১৬ পয়েন্ট।

(প্রফেসর মু. রিয়াজুল ইসলাম)
সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম)
ও
সদস্য সচিব, সম্পূরক পঠন সামগ্রী নির্বাচন বিষয়ক উপ-কমিটি
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

জিসি-৬১১০